ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সড়ক দূঘটনায় নি*হ*ত ১

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ছেলেকে স্কুলে ভর্তি করাতে গিয়ে মোটরসাইকেল উল্টে আবু তালেব (৩২) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন।

আজ বুধবার (৬ ডিসেম্বর) সকালে শহরের জিনিয়াস প্রি-ক্যাডেট স্কুলের সামনে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় নিহত আবু তালেব উপজেলার হরিশপুর গ্রামের মোশাররফ হোসেনের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে আবু তালেব তার ছেলেকে ভর্তির জন্য স্কুলে নিয়ে যাচ্ছিলেন। শহরের জিনিয়াস প্রি-ক্যাডেট স্কুলের সামনে ছেলেকে নামিয়ে দেন। এ সময় মোটরসাইকেল উল্টে তিনি সড়কে পড়ে যান। এতে তিনি মাথায় আঘাত পান। উদ্ধার করে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় দুপুর সাড়ে ১২টার দিকে তিনি মারা যান।

হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তরিকুল ইসলাম জানান, দুর্ঘটনায় আবু তালেব মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত পান। এছাড়া তার হার্টের সমস্যা আছে। অবস্থা গুরুতর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেলে পাঠানো হয়।

হরিণাকুণ্ডু থানার ওসি মাহাবুবুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে থানায় অপমৃত্যু মামলা করা হয়েছে।

ঝিনাইদহ হানাদার মুক্ত দিবস আজ

আজ বুধবার ৬ ডিসেম্বর ঝিনাইদহ হানাদার মুক্ত দিবস। ১৯৭১ সালের এ দিনে পাক হানাদার বাহিনী ঝিনাইদহ ছেড়ে গেলে মিত্র বাহিনী, মুক্তি বাহিনী ও মুজিব বাহিনী যৌথভাবে ঝিনাইদহ মুক্ত ঘোষণা করে। পাক

হানাদারবাহিনী ঝিনাইদহ ছেড়ে কুষ্টিয়া অভিমুখে রওনা হলেও তাদের একটি গ্রুপ শৈলকুপা বাজারে অবস্থান করে।

খবর পেয়ে মুক্তি বাহিনী ও মুজিব বাহিনীর সাথে পাক হানাদার বাহিনী ও তাদের দোসর রাজাকার বাহিনীর সাথে ২৬ ঘন্টা যুদ্ধ চলাকালে ৬০ রাজাকার ও ১৩ পাক আর্মি মারা যায়। মুক্তিযুদ্ধ চলাকালিন সময়ে তৎকালিন ঝিনাইদহ মহাকুমার এসডিপিও মাহবুবুর রহমান গুরুত্বপূর্ন ভূমিকা পালন করেন। তার নেতৃত্বে সশস্ত্র যুদ্ধ শুরু হয়।

ঝিনাইদহের মহেশপুর কোটচাঁদপুর, কালীগঞ্জ ও হরিনাকুন্ডু থানার বিভিন্ন এলাকা থেকে পাকবাহিনী ও তার দোসরা ৫ ডিসেম্বর রাত থেকে পিছু হটতে শুরু করে। পরাজয় নিশ্চিত জেনে পাকহানাদার বাহিনী গভীর রাতে মহেশপুর ও খালিশপুরের মহাসড়ক ব্রীজ, বিষয়খালি ব্রীজ উড়িয়ে দিয়ে ঝিনাইদহ ছেড়ে পালিয়ে যায়।

৬ ডিসেম্বর তৎকালিন মুজিববাহিনীর জোনাল লিডার মরহুম বীরমুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আয়ুব হোসেন, আঞ্চলিক কমান্ডার জেডএম ফিরোজ, আব্দুর রহমান সুমন, থানা কমান্ডার আব্দুল হাই, ফয়জুর রহমান চৌধুরী, মকবুল হোসেনসহ জেলার মুক্তি বাহিনী ও মুজিব বাহিনী সদস্যরা জেলা ও থানায় মুহুমুহু গুলিবর্ষন করে আনন্দ উল্ল¬◌াস করতে করতে থানা ও মহাকুমা সদরে প্রবেশ করে। সেই হিসাবে ৬ ডিসেম্বর ঝিনাইদহের মুক্তিযোদ্ধাদের একটি স্মরনীয় দিন হিসেবে ইতিহাসের পাতায় স্থান লাভ করেছে।

এ ব্যাপারে ঝিনাইদহ জেলার সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন জানান, দিবসটি উপলক্ষে মুক্তিযোদ্ধাদের সংর্বধনাসহ দিন ব্যাপি নানান অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

ঝিনাইদহ শহর থেকে চাইনিজ কুড়ালসহ যুবক আটক

ঝিনাইদহ শহর থেকে চাইনিজ কুড়াল, চাকু, দেশিও থরকোচসহ এক যুবককে আটক করেছে পুলিশ। ঝিনাইদহে দেশীয় অস্ত্রসহ ইয়াছির আরাফাত (২১)

নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার (৪ ডিসেম্বর) দিবাগত রাতে শহরের ক্যাসেলব্রিজ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত যুবক সদর উপজেলার খাজুরা গ্রামের আবুল কাশেমের (টাইগার) ছেলে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন জানান, ঝিনাইদহ শহরের ক্যাসেল ব্রিজ এলাকায় সেভেন গিয়ারসহ এক যুবক অবস্থান করছে।

এমন গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ইয়াছির নামের যুবককে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশি করে প্যান্টের পকেটে একটি সেভেন গিয়ার পায়।

গ্রেফতার যুবকের স্বীকারোক্তি মোতাবেক তার গ্রামের বাড়ি সদরের খাজুরা থেকে একটি ট্যাটা, একটি অত্যাধুনিক চাইনিজ কুড়াল উদ্ধার করে।
ঘটনায় থানায় মামলা দায়ের করে যুবককে আদালতে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুর এক মাসে ৯ মালিকের ১৬ ছাগল চুরি

এক মাসে এক গ্রাম থেকে ৯ মালিকের ১৬ ছাগল চুরির ঘটনা ঘটেছে। চুরি হয়েছে পঙ্গু মইদুল ইসলামরেও ২ ছাগল। চোর আতংকে নির্ঘুম রাত কাটাচ্ছে ওই গ্রামের ছাগল মালিকেরা। ২ ছাগল চুরির কথা শুনেছেন চায়ের দোকানে,অভিযোগ করেনি কেউ, বললেন,পুলিশ ফাঁড়ির (এস আই) মিজানুর রহমান।

ভুক্তভোগীদের সুত্রে জানা যায়, কোটচাঁদপুর উপজেলাধীন পাঁচলিয়া গ্রাম। গেল এক মাসে ওই গ্রাম থেকে ৯ জন ছাগল মালিকের ১৬ টি ছাগল চুরির ঘটনা ঘটেছে।

যার মধ্যে রয়েছে,ওই গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল আলিমের ১ টি,তহিদুল ইসলামের ১ টি,আশরাফুল ইসলামের ৩ টি,সাইদুর ইসলামের ১

টি,জহির হোসেনের ১ টি,দুরুদ মন্ডলের ১ টি,তসলেম উদ্দিনের ২ টি,আবু কালামের ২ টি চুরি করে নিয়ে যান,আর মেরে রেখে যান আরোও ১ টি।
এ ছাড়া চোরের হাত থেকে রেহাই পাননি,ওই গ্রামের পঙ্গু মইদুল ইসলাম ও। চোরেরা নিয়ে গেছেন,তাঁর দুইটি ছাগল। যে দুইটি ছাগল ছিল, তাঁর একমাত্র অবলম্বন।

মইদুল ইসলাম বলেন, গেল ১০ বছর ধরে,আমি পঙ্গু হয়ে ঘরে পড়ে আছি। মাঠে অল্প একটু জমি আছে তা থেকে খাবার ধানটা কোন রকম চলে। বাজার আর অন্যান্য ব্যয়ভার চলতো,আমার ছাগল বিক্রি করে। ছাগল দুইটি পেয়ে ছিলাম,আমি ছাগল পোষানি থেকে। তাও নিয়ে গেল চোরেরা।
তিনি বলেন,৩ ছেলে মেয়ে আর স্ত্রী নিয়ে আমার সংসার। সংসারে আয়ের মানুষ আমি একাই। ছাগল গুলো নিয়ে বেড়াতাম। এখন বাড়িতে বসেই দিন কাটছে আমার।

এ দিকে একের পর এক ছাগল চুরির ঘটনা ঘটায়,নির্ঘুম রাত কাটছে ওই গ্রামের ছাগল মালিকদের এমনটাই জানিয়েছেন ওই গ্রামের লালন খন্দকার ও মমিনুর রহমান। তারা বলেন,আমরা দীর্ঘদিন ধরে ছাগল পালন করে আসছি।

কোন দিন এমন সমস্যা হয়নি। এ বছর একের পর এক ছাগল চুরি হওয়ায়, কোন রাতে ঠিক মত ঘুমাতে পারছিনা। প্রায় দিন না ঘুমিয়ে রাত পার করতে হচ্ছে আমাদের।

এ ব্যাপারে দোড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস বলেন, চুরির ঘটনা ঘটেছে আমি জানি। বিষয়টি উপজেলা আইন শৃংখলা সভাও তোলা হয়েছে। তবে আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেয়া হয়নি।

কোটচাঁদপুরের লক্ষিপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) মিজানুর রহমান বলেন, চায়ের দোকানে গল্প শুনেছি ১/২ টা ছাগল চুরি হয়েছে। ওতগুলো ছাগল চুরি হয়েছে কিনা আমার জানা নাই। এ ছাড়া ওই ব্যাপারে আজও পর্যন্ত কেউ কোন অভিযোগও করেনি।

ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ উদ্বোধন

ঝিনাইদহে চলতি বোরো মৌসুমে উফশী বোরো ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামুল্যে সাড়ে ৭ হাজার কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ শুরু হয়েছে।

রোববার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস. এম. রফিকুল ইসলাম।

সেসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ অফিসার মোশাররফ হোসাইন, উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি শারমিন আক্তার সুমী, উপজেলা কৃষি অফিসার মোঃ নূর-এ-নবী, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনাইদ হাবিব, মীর রাকিবুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্তসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, চলতি বোরো মৌসুমে উফশী বোরো ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার বিভিন্ন গ্রামের ৭ হাজার ৫’শ জন কৃষকের প্রত্যেককে ৫ কেজি ধানের বীজ ও ২০ কেজি করে রাসায়নিক সার বিতরণ করা হবে। সপ্তাহব্যাপী চলবে এই বিতরণ কার্যক্রম।

ঝিনাইদহ আইনজীবী সমিতির নির্বাচন আওয়ামী লীগ পন্থী পরিষদের নিরঙ্কুশ জয়

ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন (২০২৪) এর ভোট গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে আইনজীবী সমিতির কার্যালয়ে এই ভোট গ্রহন অনুষ্ঠিত হয়।

সভাপতি সম্পাদকসহ ১৭টি পদের নির্বাচনে সভাপতি-সম্পাদকসহ ১৪টি পদে সম্মিলিত আওয়ামী আইনজীবী পরিষদ (ইসমাইল- মঞ্জুরুল) প্রার্থীরা জয়লাভ করেছে। বাকী ৩টি সদস্য পদে বিএনপি জামায়াত পন্থী পরিষদের প্রার্থীরা বিজয়ী হয়েছে।

নির্বাচনে সভাপতি পদে আওয়ামী পন্থী পরিষদের অ্যাড. ইসমাইল হোসেন ১৫৩ ভোট পেয়ে নির্বাচিত হন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি পন্থী পরিষদের কাজী একরামুল হক আলম পেয়েছেন ১২৪ ভোট। সাধারণ সম্পাদক পদে আওয়ামী পরিষদের মঞ্জুরুল ইসলাম পেয়েছেন ১৪৬ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি পন্থ’◌ী পরিষদের আব্দুর রশিদ বিশ্বাস পেয়েছেন ১৩০ ভোট। এছাড়া আওয়ামী পন্থী পষদের অন্যান্য পদে বিজয়ীরা হলেন সহ-সভাপতি পদে আব্দুল খালেক পেয়েছেন ১৪২ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী কাজী আলাউল হক পেয়েছেন ১৩৬ ভোট, সহ-সাধারণ সম্পাদক পদে নজরুল ইসলাম পেয়েছেন ১৪৪ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী রিয়াজুল ইসলাম রিয়াজ পেয়েছেন ১২৭ ভোট। হিসাব নিরিক্ষক পদে শাহিনুল ইসলাম শাহীন পেয়েছেন ১৭০ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী শামিউল ইসলাম পেয়েছেন ১০৮ ভোট, সাহিত্য সাংস্কৃতিক, গ্রন্থাগার ও তথ্য প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদে জাহিদুল ইসলাম জাহিদ পেয়েছেন ১৬৯ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী বীনা খাতুন পেয়েছেন ১০৯ ভোট, ক্রীড়া ও প্রমোদ সম্পাদক পদে আ.ম.সোহানুর জোয়ার্দ্দার (সাথী) পেয়েছেন ১৯৪ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী মাসুদ উর রহমান পেয়েছেন ৮১ ভোট, ধর্মীয় ও অপ্যায়ন সম্পাদক পদে আব্দুল মান্নান পেয়েছেন ১৭২ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোস্তাফিজুর রহমান মন্ডল পেয়েছেন ১০১ ভোট। এছাড়া সদস্য পদে আওয়ামী পন্থী পরিষদের হাবিবুল্লাহ বাহার, আব্দুল মতিন, মীর আক্কাছ আলী, আছাদুজ্জামান বাবু, ওবায়দুর রহমান (মিলন) ও কামাল হোসেন এবং বিএনপি পন্থী পরিষদের দবির হোসেন, রাশিদুল হাসান জাহাঙ্গীর এবং শামসুজ্জামান লাকী নির্বাচিত হয়েছেন। জেলা আইনজীবী সমিতির ২৮৭ ভোটারের মধ্যে ২৮৫জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে এই ভোট গ্রহন অনুষ্ঠিত হয়েছে বলে আইনজীবী সমিতির সদস্যরা জানিয়েছেন

ঝিনাইদহে জাতীয় পার্টির প্রার্থীর সংবাদ সম্মেলন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয় মনোনয়নপত্র জমা দিয়েছেন জাতীয় পার্টির ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য প্রার্থী মেজর অবসরপ্রাপ্ত মাহফুজুর রহমান।

শুক্রবার (১ডিসেম্বর) সকালে এ উপলক্ষে ঝিনাইদহ শহরের চাকলাপাড়ায় তার রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করেন। সম্মেলনে দলটির জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় পার্টি জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য মাহফুজুর রহমান সংবাদ সম্মেলনে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয় সে ব্যাপারে সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেন। সেই সাথে ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসীকে জাতীয় পার্টির লাঙ্গল মার্কায় ভোট দেওয়ার আহ্বান জানান।

ঝিনাইদহের ৪টি আসনে ২৭ প্রাথীর মনোনয়ন পত্র জমা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে। নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীরা উৎসব মূখর পরিবেশে ঝিনাইদহ রিটার্নিং ও সহকারী রিটার্নিং কর্মকর্তার নিকট তাদের মনোনয়ন পত্র জমা দেন।

ঝিনাইদহ-২ আসনে আওয়ামী লীগ, জাতীয় পার্টি, জাসদ, বাংলাদেশ কংগ্রেস, বাংলাদেশ ন্যাশনাল পিপলস পার্টি,ন্যাপ ও স্বতন্ত্রসহ

বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার (৩০নভেম্বর) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মনোনয়ন পত্র গ্রহন করেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সেসময় আওয়ামী লীগ মনোনীত প্রার্থী বর্তমান এমপি তাহজীব আলম সিদ্দিকী সমি’র পক্ষে মনোনয়ন পত্র জমা দেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল খালেক। উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এড. আজিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক অশোক ধর, মাহমুদুল ইসলাম ফোটন, হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন, যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, সদর উপজেলার সাবেক আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহিম খলিল রাজা, এমপির পিএস রোকনুজ্জামান রিপন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানসহ আওয়ামী লীগ, যুবলীগ, কৃষকলীগ, শ্রমীকলীগ, সেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

স্বতন্ত্র প্রার্থী হিসেবে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর পক্ষে মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

অপর দিকে বিকালে জাতীয় পার্টির দলীয় মনোনয়ন পত্র জমা দেন জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য এমপি প্রার্থী মেজর (অবঃ) মাহফুজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সাংগঠনিক সম্পাদক আসিফ উদ্দিন লাবলু, দপ্তর সম্পাদক অরবিন্দ কুমার, জেলা তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সুলতান আহমেদ সোহাগ, হরিণাকুন্ডু উপজেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়াসহ জাতীয় পার্টির নেতৃবৃন্দ। এছাড়া বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) এর অধ্যক্ষ খন্দকার হাফিজ ফারুক, জাতীয় সমাজতান্ত্রীক দল জাসদের ফজলুল কবির গামা, বাংলাদেশ কংগ্রেসের মোঃ নাসির উদ্দীন, ন্যাশনাল পিপুলস পার্টির মিজানুর রহমান মিজু তাদের নেতা কর্মীদের সাথে নিয়ে মনোনয়ন পত্র জমাদেন।

এছাড়াও ঝিনাইদহ-১ আসনে জেলা আওয়ামী লীগের সভাপতি আওয়ামী লীগ মনোনিত আব্দুল হাই, স্বতন্ত্র বিশ্বাস বির্ল্ডাসের চেয়ারম্যান নজরুল ইসলাম দুলাল, জাতীয় পার্টির মনিকা আলম, বিএনএফ থেকে বীর মুক্তিযোদ্ধা আবুবক্কর, তৃনমূল বিএনপি’র কে এম জাহাঙ্গীর আলম

এবং বিভিন্ন রাজনৈতিক দল ও স্বতন্ত্রসহ ৭জন, ঝিনাইদহ-৩ আসনে আওয়ামী লীগ মনোনিত প্রার্থী অবঃ মেজর জেনারেল সালাউদ্দীন মিয়াজী, স্বতন্ত্র হিসেবে জমা দিয়েছেন বর্তমান এমপি শফিকুল আজম চঞ্চল ও সাবেক এমপি নবী নেওয়াজ, জাতীয় পার্টির আব্দুর রহমানসহ ৭জন। ঝিনাইদহ-৪ আসন থেকে মনোনয়ন পত্র জমা দিয়েছেন আওয়ামী লীগ মনোনিত বর্তমান এমপি ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আনোয়ারুল আজিম আনারসহ মোট ৫জন।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে অভিযান চালিয়ে ১৫ শত টাকা জরিমানা করা হয়েছে। আজ বুধবার (২৯ নভেম্বর) দুপুরে মেইন বাসস্ট্যান্ড বেলী ফিলিং স্টেশনে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে আজ দুপুরে এ অভিযান চালান, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

এ সময় তিনি বেলী ফিলিং স্টেশনের ম্যানেজার রবিউল ইসলাম (৩৫) কে তেল বিক্রয়ের মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় ১৫ শত টাকা জরিমানা করেন।

এ সময় উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর মনিরুজ্জামান, সুব্রত কুমার সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহবাসীর ভালোবাসায় সিক্ত হলেন নৌকার মাঝি সমি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসন থেকে আওয়ামীলীগ মনোনিত সংসদ সদস্য প্রার্থী জেলা আওয়ামীলীগের সদস্য ও নৌকার মাঝি তাহজীব আলম সিদ্দিকী সমি এমপি ঝিনাইদহ-হরিণাকুন্ডু উপজেলাবাসীর ভালোবাসায় সিক্ত হলেন।

আজ ঢাকা থেকে নিজ এলাকায় ফিরবেন শুনে সকাল থেকে হাজার হাজার মোটরসাইকেল সুসজ্জিত গাড়ি বহরে বাদ্যযন্ত্র নিয়ে একত্রীত হতে থাকে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে। সেখান থেকে জেলার সীমান্তবর্তী এলাকা হাটগোপালপুরে শোডাউন সহকারে গিয়ে অবস্থান নেয় নেতাকর্মীরা।

প্রথমে তিনি হাটগোপালপুর বাজারে সংক্ষিপ্ত সমাবেশ করেন। সেখানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসন থেকে আওয়ামীলীগ মনোনিত সংসদ সদস্য প্রার্থী জেলা আওয়ামীলীগের সভাপতি ও নৌকার মাঝি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। অনুষ্ঠান পরিচালনা করেন পদ্মাকর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস।

সেখানে সংক্ষিপ্ত সমাবেশ শেষে হাজার হাজার মোটরসাইকেল শোডাউন সহকারে তিনি ঝিনাইদহ জেলা আওয়ামীলীগ, যুবলীগ, কৃষক লীগ, সেচ্ছাসেবকলীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দদের সাথে নিয়ে শহরের চুয়াডাঙ্গা বাসস্টান্ডে অবস্থিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেন। আওয়ামীলীগ, যুবলীগ, কৃষকলীগ, সেচ্ছাসেবকলীগ, ছাত্রলীগ সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ নৌকার মাঝি এমপি তাহজীব আলম সিদ্দিকী সমি’কে ফুলের শুভেচ্ছা প্রদাণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল খালেক, সাংগঠনিক সম্পাদক অশোক ধর, হরিণাকুন্ডু উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন, পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি মিজানুর রহমান মাসুম, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, জেলা যুবলীগ নেতা বাসের আলম সিদ্দিকী, সদর উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহিম খলিল রাজা, এমপির পিএস রোকনুজ্জামান রিপনসহ নেতাকর্মীরা।